# Times Today BD

জেলা প্রতিনিধি | রংপুর | 15 April, 2025

গভীর রাতে নিষিদ্ধ সংগঠন ছাত্রলীগের কেন্দ্রীয় সভাপতি সাদ্দাম হোসেনের বাড়িতে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে।সোমবার (১৪ এপ্রিল) দিবাগত রাত ১টার দিকে পঞ্চগড়ের আটোয়ারীর বলরামপুর ইউনিয়নের দক্ষিণ সাতখামার এলাকায় সাদ্দামের গ্রামের বাড়িতে আগুন লাগে। খবর পেয়ে দ্রুত ঘটনাস্থলে পৌঁছে বোদা ফায়ার সার্ভিসের দুটি ইউনিট প্রায় এক ঘণ্টার চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনে।তবে আগুনের সূত্রপাত কোথা থেকে হয়েছে তা নিশ্চিত হতে পারেনি ফায়ার সার্ভিস।

ফায়ার সার্ভিস জানায়, রাতে সাদ্দাম হোসেনের গ্রামের বাড়ি সংলগ্ন একটি ধানের খড় ও খড়ি রাখার ঘরে আগুন লাগার খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছে প্রায় এক ঘণ্টার চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনা হয়।টিনশেডের ঘরটিতে ছিল খড় ও খড়ি।মধ্য রাতে আগুন দেখতে পেয়ে প্রতিবেশী ও স্থানীয়রা ছুটে এসে আগুন নিয়ন্ত্রণের চেষ্টা করেন।একই সঙ্গে ফায়ার সার্ভিসকে খবর দেওয়া হয়।

সাদ্দাম হোসেনের মা আনোয়ারা বেগম বলেন, মধ্যরাতে কে বা কারা আমাদের খড়ের ঘরে আগুন দেয়।প্রতিবেশীরা আগুন দেখতে পেয়ে চিৎকার করে।আশপাশের লোকজন ছুটে এসে আগুন নিয়ন্ত্রণের চেষ্টা করেন।পরে সেনাবাহিনী ও ফায়ার সার্ভিসের কর্মীরা ঘটনাস্থলে পৌঁছে আগুন নিয়ন্ত্রণে আনেন।সময় মতো তারা না আসলে আগুন আমাদের থাকার ঘরেও লাগতো।

তিনি বলেন, তিন বছর ধরে আমার স্বামী বিছানায় পড়ে আছেন।যদি আগুন থাকার ঘরে লাগতো তাহলে অসুস্থ এই মানুষটাকে বের করে নিয়ে আসা হয়তো অসম্ভব হয়ে পড়তো।আমরা এখন খুবই নিরাপত্তাহীনতায় ভুগছি।আমরা চাই এই অগ্নিকাণ্ডের ঘটনা তদন্ত করে কারা আগুন দিয়েছে তা খুঁজে বের করে তাদের আইনের আওতায় নিয়ে আনা হোক।আমার চার মাস বয়সী নাতি-নাতনি নিয়ে খুবই দুঃশ্চিন্তায় আছি।

ছাত্রলীগ সভাপতি অগ্নিকাণ্ড ফায়ার সার্ভিস

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 08:47

URL: https://www.timestodaybd.com/public/rangpur/778957842